গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
**www.sid.gov.bd**

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল ২০২২ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন এনডিসি<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| তারিখ ও সময় | : | ১৮ মে ২০২২ খ্রি. (বুধবার), সময়: দুপুর ২.৩০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ, ব্লক-২, লেবেল-১০ |
| উপস্থিতি | : | সংযোজনী-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব রেজাউল আযম ফারুকী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং সদস্যগণের কোনো প্রকার পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ (Confirmed) হয়। অতঃপর তিনি সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিভুক্ত ১৪টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৯৪৭২৩.৩৪ (দুই হাজার নয়শত সাতচল্লিশ কোটি তেইশ লক্ষ চৌত্রিশ হাজার) লক্ষ টাকা, আরএডিপিতে বরাদ্দ ১৩৮৮৯৮.০০ (এক হাজার তিনশত আটাশি কোটি আটানব্বই লক্ষ) লক্ষ টাকা এবং এ অর্থবছরের এপ্রিল ২০২২ পর্যন্ত ব্যয় ৬৯ কোটি ৭৪ লক্ষ ২৪ হাজার টাকা। আরএডিপি বরাদ্দের বিপরীতে এপ্রিল ২০২২ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৫.০২%। অন্যদিকে আরএডিপি বরাদ্দের বিপরীতে জাতীয় অগ্রগতি ৫৪.০০%।

২। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর নির্দেশনা অনুযায়ী, উন্নয়ন-৩ অধিশাখার উপসচিব বেগম ওয়াহিদা সুলতানা প্রকল্প ভিত্তিক আর্থিক অগ্রগতি তুলে ধরেন। অতঃপর সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ১৫৭৫ কোটি ৬৮ লক্ষ ২ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ১২৮৮ কোটি ৪৮ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৯৬৫ কোটি ৭৭ লক্ষ ৯৫ হাজার টাকা। এপ্রিল ২০২২ পর্যন্ত ব্যয় ২৩ কোটি ১৪ লক্ষ ২৯ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.৭৯%।<br><br>উপপ্রকল্প পরিচালক সভায় জানান, ১৫-২১ জুন ২০২২ জনশুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম একযোগে সারাদেশ ব্যাপী মাঠ পর্যায়ে নির্বিঘ্নে পরিচালনার জন্য পাইলটিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২৫/০৫/২০২২ তারিখ হতে মাষ্টার ট্রেইনারদের প্রশিক্ষণ শুরু করা হবে। এছাড়া শুমারি চলাকালীন উদ্ভূত পরিস্থিতির তাৎক্ষণিক সমাধানকল্পে প্রতি শিফটে ৪০ জন করে ৩ শিফটে ১২০ জন কল সেন্টারে কাজ করবে। ১৭/০৫/২০২২ তারিখ থেকে | ক) ৩য় জোনাল অপারেশনের এনালাইসিস রিপোর্ট ১৯/০৫/২০২২ তারিখের মধ্যে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর দাখিল করতে হবে।<br><br>খ) সারা দেশের প্রাথমিক বিদ্যালয়গুলোতে লিফলেট বিতরণের ক্ষেত্রে জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস এবং | মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা)<br>এবং<br>প্রকল্প পরিচালক |



3-Minutes in April-2022 (Final).doc

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | কলসেন্টার কর্মীদের প্রশিক্ষণ শুরু হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যেই ৩য় জোনালের প্রতিবেদন সচিব, SID বরাবর দাখিল করা হবে। | মোঃ আতিক এস. বি. সাত্তার, সিনিয়র সহকারী সচিব, SID সহযোগিতা করবেন। | |
| ২ | **National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রজেক্ট বিবিএস।**<br><br>প্রকল্প মেয়াদ: মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ১৩৪ কোটি ২ লক্ষ টাকা (জিওবি : ১৪ কোটি ২ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য: ১২০ কোটি টাকা)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব, SID | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ২৪ কোটি ৫০ লক্ষ (জিওবি ৩ কোটি ৫০ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ২১ কোটি টাকা) টাকা। জিওবি খাতে ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ৫০ লক্ষ টাকা। এপ্রিল ২০২২ পর্যন্ত ব্যয় মোট ১২ কোটি ৪৩ লক্ষ ৭৯ হাজার টাকা (জিওবি: ১ কোটি ৭৮ লক্ষ ৬০ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ১০ কোটি ৬৫ লক্ষ ১৯ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫০.৭৭%।<br><br>উপপ্রকল্প পরিচালক সভায় জানান, Twining Partnership ফার্ম কর্তৃক ১টি ভেরিয়েবল সরবরাহ না করায় তাদের বিল সরবরাহ করা যাবে না তাছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী এ অর্থবছরের নির্ধারিত প্রকল্পের অন্যান্য কার্যক্রম প্রায় সম্পন্ন হয়েছে। | কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের সকল কাজ সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা) SID<br><br>এবং<br>প্রকল্প পরিচালক |
| ৩ | **ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প।**<br><br>প্রকল্পের মেয়াদ: জুলাই ২০১৩ - ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা (জিওবি: ৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা)।<br><br>প্রকল্প পরিচালক : জনাব কাজী তোফায়েল হোসেন (উপসচিব)। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ২৩ কোটি ৯৮ লক্ষ (জিওবি: ১ কোটি ৯৭ লক্ষ টাকা, প্র.সা. ২২ কোটি ১ লক্ষ টাকা) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৭৯ লক্ষ ৭৪ হাজার টাকা (জিওবি)। এপ্রিল ২০২২ পর্যন্ত ব্যয় ১৬ কোটি ৫০ লক্ষ ১৩ হাজার টাকা (জিওবি: ২৩ লক্ষ ১৪ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ১৬ কোটি ২৬ লক্ষ ৯৯ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬৮.৮১%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, NHD MIS Development তৈরির নিমিত্ত বিদ্যমান ডাটাবেজ ব্যাকআপের উদ্ভূত ত্রুটি-বিচ্যুতি সমাধানকল্পে Xerox India Ltd. এর ১৮০ জন করে অপারেটর ডাটাবেজ সংশোধনের কাজ করছে। প্রকল্পের মেয়াদের মধ্যে ২টি ফেইজের ডাটা সংশোধন করা যাবে। পাশাপাশি ২০২৩ সালে বিবিএস এর তত্ত্বাবধানে অবশিষ্ট কাজ করা যেতে পারে। | Xerox India Ltd. কর্তৃক ডাটাবেজ সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা), SID<br>ও<br>প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪ | **হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১)প্রকল্প**<br><br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ৩২ লক্ষ ৭ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: ড. দিপংকর রায়, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ৫ কোটি ৫৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৪ কোটি ৬৮ লক্ষ টাকা (জিওবি)। এপ্রিল ২০২২ পর্যন্ত ব্যয় ২ কোটি ২৭ লক্ষ ৬২ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪১.০১%।<br><br>সভায় জানানো হয়,<br>মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ চলমান। ১৮টি রাউন্ডের মাধ্যমে সারাবছর ব্যাপী তথ্য সংগ্রহ করা হবে, বর্তমানে ৭ম রাউন্ডের কাজ চলমান রয়েছে, এ অর্থবছরের জুনের মধ্যে ৯ম রাউন্ড পর্যন্ত তথ্য সংগ্রহ করা হবে। | কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম নির্বিঘ্নে চালিয়ে যেতে হবে। গুনগতমান সম্পন্ন তথ্য সংগ্রহের জন্য নিবিড় পর্যবেক্ষণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |
| ৫ | **কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প।**<br><br>প্রকল্পের মেয়াদ:<br>মে ২০১৭ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৩৬১ কোটি ৬৯ লক্ষ ৬ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: জনাব আলাউদ্দিন আল আজাদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ২৮ কোটি ৯০ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২১ কোটি ৪ লক্ষ টাকা। এপ্রিল ২০২২ পর্যন্ত ব্যয় ৭ কোটি ১৯ লক্ষ ৮৫ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৪.৯১%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>কৃষি শুমারি ৬৪টি জেলার ডাটা প্রকল্পের রিসিভিং কমিটি কর্তৃক রিসিভ করা হয়েছে। কৃষি নমুনা শুমারির প্রিলিমিনারী ফাইন্ডিংস প্রস্তুতের কাজ চলমান। | কৃষি নমুনা শুমারির প্রিলিমিনারী ফাইন্ডিংস নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ৬ | **Improvement of GDP Compilation and Rebasing of Indices Project।**<br><br>প্রকল্পের মেয়াদ: মার্চ ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৯ কোটি ৮৬ লক্ষ ৪৮ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক :<br>জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ১ কোটি ৭৩ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৫০ লক্ষ ৪৫ হাজার টাকা। এপ্রিল ২০২২ পর্যন্ত ব্যয় ৫১ লক্ষ টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৯.৪৭%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, ১৯/০৫/২০২২ তারিখ PIC সভা অনুষ্ঠিত হবে। জুনের মধ্যে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি কার্যক্রম সম্পন্ন করা হবে। এছাড়া IMF এর গাইড লাইন অনুযায়ী Consumer Price Index (CPI) এর রিবেইজ এবং রিভিশনের কার্যক্রম চলমান, আগস্ট ২০২২ এর মধ্যে সম্পন্ন হবে। | মেয়াদ বৃদ্ধির জন্য আইএমইডি তে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। পরবর্তীতে আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়সহ ডিপিপি সংশোধনের কাজ জুন/২০২২ এর মধ্যেই শেষ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৭ | **পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯ – জুন ২০২৩ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৩৬ কোটি ৬ লক্ষ ৭৪ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ৬ কোটি ৩৪ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫ কোটি ৯০ লক্ষ টাকা। এপ্রিল ২০২২ পর্যন্ত ব্যয় ৩ কোটি ৮০ লক্ষ ৭৪ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬০.০৫%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পের আওতায় BDRS 2021 রিপোর্টের ইংরেজি ও বাংলা খসড়া প্রস্তুত করা হয়েছে। | কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ৮ | **জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প।**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৬৪ লক্ষ ৪৩ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ২ কোটি ৮৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ৮৫ লক্ষ টাকা। এপ্রিল ২০২২ পর্যন্ত ব্যয় ১ কোটি ৩২ লক্ষ ৮১ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪৬.৬০%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান, কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ২২/০৫/২০২২ তারিখ প্রকল্পের ওয়ার্কিং কমিটির সভা অনুষ্ঠিত হবে। প্রাথমিক রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। | কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রাথমিক রিপোর্ট প্রকাশ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং প্রকল্প পরিচালক |
| ৯ | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প**<br><br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: বেগম আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ৩ কোটি ৩৬ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ৩৬ লক্ষ টাকা। এপ্রিল ২০২২ পর্যন্ত ব্যয় ১ কোটি ৬৫ লক্ষ ২ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪৯.১১%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, ২য় ত্রৈমাসিকের তথ্য সংগ্রহ কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান রয়েছে। ডিপিপি সংশোধনেরও উদ্যোগ নেয়া হয়েছে। | সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রনয়ণ, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি-২০২২ সংক্রান্ত বইটি সংগ্রহ করতে হবে এবং সে অনুযায়ী অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) এবং প্রকল্প পরিচালককে নিয়ে এ প্রকল্পের বাজেট ও ব্যয় পর্যালোচনা করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১০ | **টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৬০ লক্ষ টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মো. গোলাম মোস্তফা, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ৮৭ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৬৩ লক্ষ ৪৭ হাজার টাকা। এপ্রিল ২০২২ পর্যন্ত কোন ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br>সভায় জানানো হয়,<br>মে ২০২২ খ্রি: তারিখ অনুষ্ঠিত Inception Workshop হতে প্রাপ্ত মতামতের আলোকে প্রশ্নপত্র প্রস্তুতের কার্যক্রম চলমান। এছাড়া প্রকল্পের অনুকূলে ৩য় কিস্তি পর্যন্ত অর্থছাড় করা হয়েছে। | কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কার্যসম্পাদনের জন্য প্রকল্প পরিচালককে সচেষ্ট থাকতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID<br>এবং<br>প্রকল্প পরিচালক |
| ১১ | **Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২১ থেকে জুন ২০২৩ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৯৯ লক্ষ ২০ হাজার টাকা (জিওবি)<br>প্রকল্প পরিচালক:<br>বেগম সৈয়দা মারুফা শাকি, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ১ কোটি ৪৬ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৯ লক্ষ ৫০ হাজার টাকা অর্থ ছাড় হয়েছে।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>১৮-৪-২০২২ তারিখে একটি Inception Workshop অনুষ্ঠিত হয়েছে। গত সপ্তাহে PIC সভাও হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী জরিপের প্রস্তুতি সম্পন্ন করা হচ্ছে। | কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কার্যসম্পাদনের জন্য প্রকল্প পরিচালককে সচেষ্ট থাকতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID<br>এবং<br>প্রকল্প পরিচালক |
| ১২ | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২২-ডিসেম্বর ২০২৩<br>প্রস্তাবিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা।<br>প্রকল্প পরিচালক: জনাব আব্দুল হালিম, যুগ্মপরিচালক, বিবিএস, ঢাকা। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে কোন বরাদ্দ নেই।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>বিশেষ থোক বরাদ্দের জন্য প্রকল্প পরিচালক পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ অব্যাহত রেখেছেন। তাছাড়া আনুষাঙ্গিক প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। | বিশেষ থোক বরাদ্দের জন্য প্রকল্প পরিচালক পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ অব্যাহত রাখবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন), SID,<br>মহাপরিচালক, বিবিএস,<br>উপসচিব (প্রশাসন-১/ উন্নয়ন-১ অধিশাখা) SID<br>এবং<br>প্রকল্প পরিচালক |
| ১৩ | **স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২১ থেকে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪৯ কোটি ৫৭ লক্ষ টাকা (জিওবি)<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মো. আলমগীর হোসেন, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে কোন বরাদ্দ নেই।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হলে পরিকল্পনা মন্ত্রণালয়ের বিশেষ থোক বরাদ্দ নেই বিধায় BBS'র চলমান প্রকল্পসমূহ হতে উপযোজনপূর্বক বরাদ্দ প্রস্তাব প্রেরণের পরামর্শ দিয়েছে। এ লক্ষে মহাপরিচালক, বিবিএস কর্তৃক চলমান প্রকল্পসমূহের অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত তথ্য চেয়ে পত্র প্রেরণ করেছেন। পত্রের আলোকে তথ্য পাওয়া গেলে উপযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর চলমান প্রকল্পসমূহ হতে উপযোজন করা যাবে কিনা তা পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রকল্প পরিচালক নিয়মিত বরাদ্দের বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ রাখবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID<br>এবং<br>প্রকল্প পরিচালক |

৪। ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি-তে অন্তর্ভুক্ত ও এডিপি বহির্ভূত বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহঃ

| ক্রঃ নঃ | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **অর্থনৈতিক শুমারি প্রকল্প ২০২৩**<br><br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২২-জুন ২০২৭ পর্যন্ত<br><br>প্রস্তাবিত ব্যয়: ৭৮৭ কোটি ১৫ লক্ষ ৮ হাজার টাকা<br><br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | উপসচিব (পরিকল্পনা অধিশাখা), SID সভায় জানান,<br>গত ১১ মে, ২০২২ খ্রি: তারিখ মহাপরিচালক, বিবিএস হতে প্রকল্পটির Feasibility Study এর প্রয়োজনীয়তা নেই মর্মে যুক্তি দিয়ে Position Paper প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। ১৭ মে, ২০২২ খ্রি: তারিখ Position Paper-টি এ বিভাগ থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | প্রকল্পটি অনুমোদনের বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়মিত পরিকল্পনা কমিশনে যোগাযোগ রাখবেন। | মহাপরিচালক, বিবিএস<br>উপসচিব (পরিকল্পনা অধিশাখা), SID<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

৫.০। বিবিধ:

| ক্রঃনঃ | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২ | **গণনাকারীদের তালিকা প্রস্তুত সংক্রান্ত।** | সেন্সাস উইংয়ের পরিচালক জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া সভায় জানান,<br>তালিকাটি প্রস্তুতের জন্য NSDS-IPS প্রকল্পের সহায়তায় একটি ডাটা এন্ট্রি Screen / ইন্টারফেস তৈরি করা হয়েছে। অপরদিকে, গণনাকারীদের তালিকা সংগ্রহের জন্য সকল উইংয়ের নিকট নির্ধারিত 'ছক'- এ তথ্য চাওয়া হয়েছে। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর কার্যক্রম শেষ হলে আগামী জুলাই/২০২২ মাসে মাঠ পর্যায় অফিস হতে Input এর ব্যবস্থা রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | গণনাকারীদের তালিকা প্রস্তুতের কাজ জুলাই/২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস<br>ও<br>পরিচালক, সেন্সাস উইং, বিবিএস এবং প্রকল্প পরিচালক, এনএসডিএস |

৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০৫.০২২

(ড. শাহনাজ আরেফিন এনডিসি)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং- ৫২.০০.০০০০.০২০.০৬.০০১.২০(খন্ড-১)-৬৯

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৯ মে ২০২২ খ্রিস্টাব্দ

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/উন্নয়ন/প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৫। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৬। মহাপরিচালক, সেক্টর-৮, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ব্লক # ১৭, পরিকল্পনা কমিশন চত্বর, ঢাকা।


J:\Minitues in April-2022 (Final).doc

৭। যুগ্মপ্রধান, শিক্ষা ও সামাজিক সেক্টর, জনসংখ্যা ও পরিকল্পনা উইং/স্বাস্থ্য উইং/স্কাইসোয়াম/পাট ও বস্ত্র উইং, শিল্প ও শক্তি বিভাগ/ফসল উইং, কৃষি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।

৮। উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা/ এসডিজি সেল/ প্রশাসন-১ অধিশাখ/উন্নয়ন-১ অধিশাখা/ পরিকল্পনা অধিশাখা/বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

৯। পরিচালক, সেন্সাস উইং/কৃষি উইং/জাতীয় হিসাব উইং/ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং/ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং/কম্পিউটার উইং/স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট/এফএ অ্যান্ড এমআইএস উইং/ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য)/প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল, বিবিএস।

১০। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

১১। প্রকল্প পরিচালক, National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প, বিবিএস, ঢাকা।

১২। প্রকল্প পরিচালক, ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (NHD) প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা ।

১৩। প্রকল্প পরিচালক, হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১) প্রকল্প, বিবিএস, ঢাকা।

১৪। প্রকল্প পরিচালক, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প, বিবিএস, ঢাকা।

১৫। প্রকল্প পরিচালক, Improvement of GDP Compilation and Rebasing of Indices Project, বিবিএস।

১৬। প্রকল্প পরিচালক, পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প, বিবিএস, ঢাকা।

১৭। প্রকল্প পরিচালক, জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

১৮। প্রকল্প পরিচালক, শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প, বিবিএস, ঢাকা।

১৯। প্রকল্প পরিচালক, টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প (Literacy Assesment Survey -(LAS), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

২০। প্রকল্প পরিচালক, Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প, বিবিএস।

২১। প্রকল্প পরিচালক, খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান- প্রকল্প ২০২২, বিবিএস, ঢাকা।

২২। প্রকল্প পরিচালক, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প, বিবিএস, ঢাকা।

২৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অর্থনৈতিক শুমারি প্রকল্প ২০২৩, বিবিএস, ঢাকা।

**(কার্যবিবরণীতে উল্লেখিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন, অর্থছাড়, সমন্বয়হীনতা ইত্যাদি ক্ষেত্রে কোনো সমস্যা থাকলে তা পরবর্তী সভার কার্যপত্রে উল্লেখের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরের জন্য নির্ধারিত কার্যক্রম, বরাদ্দ, মাসভিত্তিক কর্ম পরিকল্পনা ও ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা, ব্যয় ও ব্যয়ের হার নির্ধারিত ছকে উল্লেখপূর্বক প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি আগামী ০৫-০৬-২০২২ তারিখের মধ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরে উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য ক্রমিক ৭ ও ৯-২৩ এ বর্ণিত কর্মকর্তাকে অনুরোধসহ)।**

২৪। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, AMS (ADP/RADP Management System), SID.

২৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। Representative, UNICEF/UNFPA/WORLD BANK/ EUROPEAN UNION/FAO.

**<u>সদয় অবগতির জন্য অনুলিপি:</u>**

১। পরিকল্পনামন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা **(মাননীয় পরিকল্পনামন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)**

২। পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা **(মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)**

৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**

৪। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা **(ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)**

ওয়াহিদা
২৬/০৫/২২
(ওয়াহিদা সুলতানা)
উপসচিব